



২৭ মে ঈদুল আজহার সম্ভাব্য তারিখ ঘোষণা করল কাতার



সংগৃহীত ছবি

জিলহজ মাসের সম্ভাব্য হিসাব প্রকাশ করেছে কাতারের জ্যোতির্বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠান কাতার ক্যালেন্ডার হাউস। সংস্থাটির পূর্বাভাস অনুযায়ী, দেশটিতে আগামী ২৭ মে পবিত্র ঈদুল আজহা উদযাপিত হতে পারে।

প্রকাশিত তথ্যে বলা হয়েছে, ১৪৪৭ হিজরি সালের জিলহজ মাস শুরু হওয়ার সম্ভাব্য তারিখ ১৮ মে। সেই সময়সূচি ধরেই ঈদের সম্ভাব্য দিন নির্ধারণ করা হয়েছে।

কাতার ক্যালেন্ডার হাউসের নির্বাহী পরিচালক ড. ফয়সাল আল আনসারি জানিয়েছেন, দোহা সময় শনিবার রাত ১১টা ২ মিনিটে নতুন চাঁদের জন্ম হওয়ার কথা। তবে ওইদিন সন্ধ্যায় কাতার ও আশপাশের অনেক আরব দেশে চাঁদ দেখা নাও যেতে পারে।

তিনি বলেন, নতুন চাঁদ দৃশ্যমান হবে কি না, তা অনেকটাই আবহাওয়া ও আকাশের পরিস্থিতির ওপর নির্ভরশীল। এ কারণে চূড়ান্তভাবে ইসলামী মাস শুরুর ঘোষণা দেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

সাধারণত মুসলিম দেশগুলোতে ঈদের তারিখ নির্ধারণে চাঁদ দেখাকেই প্রধান ভিত্তি ধরা হয়। তাই আগাম জ্যোতির্বিজ্ঞানিক হিসাব প্রকাশ হলেও আনুষ্ঠানিক সিদ্ধান্ত পরে জানানো হয়।